# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

নং বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৯৩/২০২২/৫৯২

তারিখ: আগস্ট ১০, ২০২৩

Managing Director
Bangladesh Development Bank Limited
Head Office
8, Rajuk Avenue, Dhaka

**বিষয়: আদেশ।**

কমিশনের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৯৩/২০২২/৫৯১ তারিখ: আগস্ট ১০, ২০২৩ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

10.08.2023

**মোঃ আমিরুল ইসলাম**
**সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)**
টেলিফোন নাম্বার: ০১৬৮১০০৯৩৮৫
ই-মেইল: amirul@sec.gov.bd

**অবগতির জন্য অনুলিপি:**

১। নির্বাহী পরিচালক, সিআরডি, বিএসইসি,
২। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি,
৩। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।

নং বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৯৩/২০২২/৫৯১ তারিখঃ আগস্ট ১০, ২০২৩

## আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক কমিশন অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিজি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত);

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 2(g) মোতাবেক Toyo Spinning Mills Ltd 'issuer' হিসাবে অভিহিত (অতঃপর 'ইস্যুয়ার' বলে উল্লিখিত);

Whereas, as per requirement of the Rule 14 (4) of the Securities and Exchange Rules, 2020 Toyo Spinning Mills Ltd. (Tallu Spinning Mills Ltd.) was required to audit the yearly financial statements within 120 days from the date on which financial year ends and copy of such audited financial statements submitted to the Commission and stock exchanges within 14 days thereof;

Whereas, as per the Conditions 4 of the Notification No. BSEC/CMRRCD/ 2006-158/208/Admin/81 dated June 20, 2018 the issuer of a listed security excepting the life insurance company shall, within 45 (forty five) days of the end of first quarter (Q1) and One month of end of the second quarter (Q2) and third quarter (Q3) respectively of the financial year, submit quarterly financial statements (audited or unaudited) to the Commission and stock exchanges;

Whereas, it appeared from the record that the Toyo Spinning Mills Ltd. (Tallu Spinning Mills Ltd.) as an issuer company has failed to comply with the above mentioned securities laws and notification by not submitting Audited Financial Statements for the year ended June 30, 2020 and also the quarterly financial statements for the first quarter (Q1) financial statements for the quarter ended September 30, 2020 ; second quarter (Q2) financial statements for the quarter ended December 31, 2020 and third quarter (Q3) financial statements for the quarter ended on March 31, 2021;

যেহেতু, Toyo Spinning Mills Ltd উহার ৩০ জুন ২০২০ এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী Securities and Exchange Rules, 2020 এর rule 14(4), মোতাবেক প্রস্তুতপূর্বক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, স্টক এক্সচেঞ্জ ও শেয়ার হোল্ডারদের নিকট দাখিল করতে বাধ্য, যা পরিপালনে উক্ত ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC এর অধীন জারিকৃত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৮/এডমিন/৮১ তারিখ ২০ জুন ২০১৮ এর ৪(১),৪(২) এবং ৪(৩) অনুচ্ছেদে উল্লিখিত শর্তানুসারে Toyo Spinning Mills Ltd উহার সেপ্টেম্বর ,২০২০, ডিসেম্বর, ২০২০ এবং মার্চ, ২০২১ এ সমাপ্ত ত্রৈ-মাসিক হিসাব বিবরণী প্রস্তুতপূর্বক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও স্টক এক্সচেঞ্জে দাখিল করতে বাধ্য, যা পরিপালনে Toyo Spinning Mills Ltd ইস্যুয়ার ব্যর্থ হয়েছে;

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

যেহেতু, ইস্যুয়ার কর্তৃক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কমিশন কর্তৃক ০১ ডিসেম্বর, ২০২২ তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/৩৩৯৩/২০২২/১৫৭৩ নম্বর স্মারকমূলে ইস্যুয়ারের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্য পরিচালকগণ এবং কোম্পানি সচিবকে নির্ধারিত তারিখে উক্ত ব্যর্থতার কারণ প্রদর্শনসহ শুনানীতে উপস্থিত হতে বলা হয়। উক্ত ব্যক্তিবর্গের পক্ষে Mohamad Shohel Rana, Manager Commercial and Md. Ruman Mia, CFO শুনানীতে ১৩ ডিসেম্বর, ২০২২ তারিখে উপস্থিত হন এবং নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

*"Please refer to the letter under reference, we would like to mention here that we had meeting with you regarding the query letter on submission of annual accounts and quarterly accounts of Toyo Spinning Mills Limited. We informed you that we submitted the annual accounts of Toyo Spinning Mills Limited in the form of annual reports.*
*Further to the above, as annual balance sheet was not finalized, we could not submit the quarterly accounts timely.*
*We hope the aforesaid explanation will satisfy your query in this regard."*

যেহেতু, Toyo Spinning Mills Ltd -এর উপরোক্ত বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, উপস্থাপিত অভিযোগসমূহ সঠিক সেহেতু এক্ষেত্রে Toyo Spinning Mills Ltd -এর ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, Toyo Spinning Mills Ltd একটি পাবলিক লিমিটেড কোম্পানি এবং উহার পরিচালকমন্ডলীর সদস্যরা কোম্পানির প্রতিনিধিত্বকারী যাহারা সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান পরিপালনের ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু ইস্যুয়ার কর্তৃক হিসাব বিবরণীসমূহ দাখিল না করার ফলে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, উক্ত ইস্যুয়ার কোম্পানিতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃঙ্খলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, উক্ত ইস্যুয়ার একটি পাবলিক লিমিটেড কোম্পানি, উহার পরিচালকমন্ডলীর সদস্যবৃন্দ কোম্পানির প্রতিনিধিত্বকারী, তারা প্রত্যেকে উল্লিখিত কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য ইস্যুয়ারের পরিচালকগণের প্রত্যেককে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 এর প্রদত্ত ক্ষমতাবলে:

ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


- Toyo Spinning Mills Ltd এর মনোনীত পরিচালক Mr. Md. Shafiqul Islam এর মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠান Bangladesh Development Bank Limited কে ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ডে দন্ডিত করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ' বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে। উক্তরূপ ব্যর্থতা অব্যাহত থাকলে অনুরূপ অব্যাহত থাকাকালীন প্রতিদিনের জন্য ১০ (দশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হবেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

রুমানা ইসলাম ২০/৮/২০

রুমানা ইসলাম
কমিশনার

বিতরণঃ

Managing Director
Bangladesh Development Bank Limited
Head Office
8, Rajuk Avenue, Dhaka


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd